

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়: ০৬-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত আগস্ট, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মেজবাহু উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
তারিখ : ০৬-০৯-২০২১ খ্রি:
সময় : বেলা ০২.৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভারুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধান, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভারুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	১. গত ০৪-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী নেই মর্মে সকলে একমত পোষণ করেন।	১. গত ০৪-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	১. যুগ্মসচিব, প্রশাসন
২.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি	১. সেমিনার আয়োজনঃ সভায় অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, “বঙ্গবন্ধুঃ শ্বশ্বত বাংলার প্রতিরূপ” শিরোনামে সেমিনারটি অনুষ্ঠানের প্রস্তুতি শেষ পর্যায়ে আছে। মাননীয় প্রতিমন্ত্রীর সুবিধাজনক সময়ে সেমিনার আয়োজনের সময় নির্ধারণ করতে পারেন মর্মে উল্লেখ করেন। সেমিনারের প্রধান আলোচক ও অন্যান্য অতিথি নির্ধারণ করা হলে সেমিনার আয়োজন করা যাবে। এ বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসির সাথে সমন্বয় করে সেমিনারের কার্যক্রম এগিয়ে চলছে।	১. “বঙ্গবন্ধুঃ শ্বশ্বত বাংলার প্রতিরূপ” শীর্ষক সেমিনারটি কোভি ড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে সুবিধাজনক সময়ে ঢাকা থেকে চাঁদপুরপর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে। ২. বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহযোগিতা প্রদান করবে।	১. অতিরিক্ত সচিব (সংস্থা-২) ২. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি ৩. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ

	<p>২। ডকুমেন্টারি: সভায় অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে “বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ” শিরোনামে ৩য় সেমিনারে উপস্থাপনের নিমিত্ত বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারিটি মন্ত্রণালয়ে উপস্থাপন করা হলে কিছু সংশোধন করা হয়। চেয়ারম্যান বিআইডব্লিউটিএ জানান যে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডকুমেন্টারিটি সংশোধন করে শীঘ্রই প্রেরণ করা হবে। মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের পর ডকুমেন্টারিটি চূড়ান্ত করা হবে।</p>	<p>২। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক চূড়ান্ত করতে হবে। ডকুমেন্টারিটি “বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ” শিরোনামে ৩য় সেমিনারে উপস্থাপন করা হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ</p>
	<p>৩. মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু: যুগ্ম সচিব(প্রশাসন) সভায় জানান যে নতুন ৪টি মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট) গত ০৬/০৫/২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। ৪টি মেরিন একাডেমির ২৮৪ টি পদ সৃজনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের পর গত ৩০/০৬/২০২১ তারিখে জি.ও জারিপূর্বক অর্থবিভাগের পৃষ্ঠাংকন করা হয়েছে। মেরিন একাডেমির বিদ্যমান নিয়োগবিধি ও ৪টি মেরিন একাডেমির জন্য প্রাপ্ত জি.ও সমন্বয় করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সমন্বিত নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম চলমান আছে। ৪টি মেরিন একাডেমির জন্য দপ্তর ও সংস্থাসমূহ হতে সংযুক্তিতে পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণ ইতোমধ্যে যোগদান করেছেন। ৪টি মেরিন একাডেমির জন্য ভর্তিকৃত ক্যাডেটদের স্বস্থ ক্যাম্পাসে স্থানান্তরের কার্যক্রম চলমান আছে। ২০২১-২০২২ শিক্ষা বর্ষে নতুন ক্যাডেটদের ভর্তি পরীক্ষা ০১/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে জানানো হয়। সভায় জানানো হয় যে, কমিটি গঠনের মাধ্যমে ৪টি মেরিন একাডেমির মধ্যে রংপুর মেরিন একাডেমির ভবন হস্তান্তর করা হয়েছে। অপর ৩টির হস্তান্তর কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান যে বাঁধের উপর স্লুইজ গেট নির্মাণের মাধ্যমে মেরিন একাডেমি পাবনার পয়ঃনিষ্কাশণ ব্যবস্থা করার লক্ষ্যে পানি সম্পদ</p>	<p>১. নতুন ৪টি মেরিন একাডেমির সমন্বিত নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ২. ৪টি মেরিন একাডেমির জন্য ভর্তিকৃত ক্যাডেটদের স্ব স্ব ক্যাম্পাসে স্থানান্তরের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ৩. গঠিত কমিটি কর্তৃক সমাপ্ত প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বুঝে নিতে হবে। ৪. মেরিন একাডেমি পাবনার বাঁধের উপর স্লুইজ গেট নির্মাণের মাধ্যমে পয়ঃনিষ্কাশণ কার্যক্রমের বিষয়টি পানি সম্পদ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে চলতি অর্থ বছরে সম্পন্ন করতে হবে।</p>	<p>১. যুগ্মসচিব (পরিকল্পনা) ও নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা ২. কমান্ড্যান্ট, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট মেরিন একাডেমি</p>

(Signature)

		মন্ত্রণালয়কে ডি.ও প্রেরণ করা হয়েছে। বিষয়টি পানি সম্পদ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে চলতি অর্থবছরের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।		
৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা	সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত ৪০টি প্রতিশ্রুতি ও নির্দেশনা রয়েছে। প্রতিটি প্রতিশ্রুতি ও নির্দেশনা পৃথক পৃথক আলোচনা করতে হলে অনেক সময়ের প্রয়োজন। এ বিষয়ে আলাদা একটি সভা করে অগ্রগতি পর্যালোচনা করা যেতে পারে। সভাপতি জানান যে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন দপ্তর ও সংস্থাসমূহের সাথে সমন্বয় করে প্রস্তুত করতে হবে।	১. মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পৃথক সভা করতে হবে। ২. এ বিষয়টি মাসিক সমন্বয় সভার তালিকাভুক্তি হতে বিযুক্তকরণ করা যেতে পারে।	১. সকল দপ্তর ও সংস্থা ২. যুগ্মসচিব (পরিকল্পনা)
৪.	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় জানানো হয় যে, মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন বিষয়ে গত ৩১-০৮-২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল দপ্তর ও সংস্থা এবং মন্ত্রণালয়ের অধিশাখা ও শাখা হতে কার্যক্রম গ্রহণ করবে এবং হালনাগাদ তথ্যাদি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১. মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক গত ৩১-০৮-২০২১ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. এ বিষয়ে আলাদা সভা করতে হবে। ৩। এ বিষয়টি মাসিক সমন্বয় সভার তালিকাভুক্তি হতে বিযুক্তকরণ করা যেতে পারে।	১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ২. সকল দপ্তর ও সংস্থা প্রধান ৩. মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট অধিশাখা/শাখা।
৫.	জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন	যুগ্ম সচিব (প্রশাসন) জানান যে জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এ গৃহীত আবাসতবায়ন সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন বিষয় গত ০১-০৯-২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল দপ্তর ও সংস্থা এবং মন্ত্রণালয়ের অধিশাখা ও শাখা হতে কার্যক্রম গ্রহণ করবে এবং হালনাগাদ তথ্যাদি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১. জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এ গৃহীত আবাসতবায়ন সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন বিষয় গত ০১-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। ২. এ বিষয়ে আলাদা সভা করতে হবে। ৩। এ বিষয়টি মাসিক সমন্বয় সভার তালিকাভুক্তি হতে বিযুক্তকরণ করা যেতে পারে।	১. সকল দপ্তর ও সংস্থা প্রধান ২. মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা।

৬.	<p>বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি</p>	<p>সভায় এপিএ টিম লিডার অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে মন্ত্রণালয়ের বিগত ২০২০-২১ অর্থ বছরের APA দাখিল করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে এ বিষয়ে পর্যালোচনা সভা হয়েছে। পর্যালোচনা সভায় চাহিত তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে দপ্তর/সংস্থার প্রধানের নিকট সরাসরি রিপোর্ট প্রদানের ব্যবস্থা করার পরামর্শ দেয়া হয়। সভাপতি জানান যে গত ২৭/০৬/২০২১ তারিখে মন্ত্রণালয়ের ২০২১-২০২২ বছরের এপিএ স্বাক্ষরিত হয়েছে। বর্তমান বছরের এপিএ-র বাস্তবভিত্তিক ও বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বছরের শুরু থেকে মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার APA টিম এর যথাযথ মনিটরিং এর মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা হলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। কোন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হলে উর্দ্ধতন কর্মকর্তাগণকে অবহিত করে জটিলতা নিরসন করতে হবে। এপিএ টিমে দপ্তর সংস্থার প্রধানগণের সাথে সরাসরিয়ুক্ত কর্মকর্তাগণকে সম্পৃক্ত করতে হবে।</p>	<p>১. APA এর ত্রৈমাসিক অর্জন সুনির্দিষ্ট প্রমাণকসহ ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>২. APA বাস্তবায়নে APA টিম কর্তৃক প্রতিমাসে সভা করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p> <p>৪. যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে দপ্তর ও সংস্থা প্রধানগণ সেগুলো সরাসরি তত্ত্বাবধানের মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</p> <p>৫। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে দপ্তর/সংস্থার প্রধানের নিকট সরাসরি রিপোর্টিং এর ব্যবস্থা করতে হবে।</p>	<p>১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)</p> <p>২. সকল দপ্তর/সংস্থা প্রধান</p> <p>৩. এপিএ টিম, সকল সংস্থা</p>																																												
৭.	<p>ই-নথি ব্যবস্থাপনা</p>	<p>সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয়ের বিগত মাসের ই-ফাইলিং কার্যক্রমের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে মন্ত্রণালয়ের প্রতিটি শাখার ই-ফাইলিং কার্যক্রম উল্লেখ করা হয়। এছাড়া প্রতিটি দপ্তর ও সংস্থার ই-ফাইলিং কার্যক্রম উপস্থাপন করা হয় যা নিম্নরূপ</p> <table border="1" data-bbox="516 1496 954 2036"> <thead> <tr> <th rowspan="2">দপ্তর/সংস্থার নাম</th> <th colspan="4">মোট নথি নিষ্পত্তিকৃত</th> </tr> <tr> <th>ডাক সৃজিত নোটে নিষ্পত্তি</th> <th>নোটে নিষ্পত্তি</th> <th>পত্রজারিতে নিষ্পত্তি</th> <th>মোট</th> </tr> </thead> <tbody> <tr> <td>বিএসসি</td> <td>৯০</td> <td>৫৩১</td> <td>১৪৮</td> <td>৭৬৯</td> </tr> <tr> <td>বিআইডব্লিউ টিএ</td> <td>১৩</td> <td>৩০৯</td> <td>৩২৮</td> <td>৬৫০</td> </tr> <tr> <td>নৌপরিবহন অধিদপ্তর</td> <td>৪৯</td> <td>২১৩</td> <td>৯৫</td> <td>৩৫৭</td> </tr> <tr> <td>চবক</td> <td>৩০</td> <td>১১৮</td> <td>১১৬</td> <td>২৬৪</td> </tr> <tr> <td>মোবক</td> <td>০</td> <td>৮৩</td> <td>৭০</td> <td>১৫৩</td> </tr> <tr> <td>নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর</td> <td>৪০</td> <td>৪০</td> <td>৬২</td> <td>১৪২</td> </tr> <tr> <td>বাস্তবক</td> <td>৫৫</td> <td>২৬</td> <td>৫৯</td> <td>১৪০</td> </tr> </tbody> </table>	দপ্তর/সংস্থার নাম	মোট নথি নিষ্পত্তিকৃত				ডাক সৃজিত নোটে নিষ্পত্তি	নোটে নিষ্পত্তি	পত্রজারিতে নিষ্পত্তি	মোট	বিএসসি	৯০	৫৩১	১৪৮	৭৬৯	বিআইডব্লিউ টিএ	১৩	৩০৯	৩২৮	৬৫০	নৌপরিবহন অধিদপ্তর	৪৯	২১৩	৯৫	৩৫৭	চবক	৩০	১১৮	১১৬	২৬৪	মোবক	০	৮৩	৭০	১৫৩	নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর	৪০	৪০	৬২	১৪২	বাস্তবক	৫৫	২৬	৫৯	১৪০	<p>১. সকল দপ্তর/সংস্থা, মন্ত্রণালয়ের সকল শাখার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে।</p> <p>২. অনুমোদিত নথির পত্র ই-নথিতেই জারি করতে হবে।</p> <p>৩. বিআইডব্লিউটিসি কর্তৃক সম্পূর্ণরূপে ইফাইলিং কার্যক্রম চালু করতে হবে।</p> <p>ই-ফাইলিং সংক্রান্ত সমস্যা সিস্টেম এনালিস্ট এ-টু-আই এর সাথে সমন্বয় করে সমাধান করবেন।</p>	<p>১. সকল দপ্তর/সংস্থা প্রধান</p> <p>২. যুগ্মসচিব, প্রশাসন</p> <p>৩. সিস্টেম এনালিস্ট, নৌপম</p>
দপ্তর/সংস্থার নাম	মোট নথি নিষ্পত্তিকৃত																																															
	ডাক সৃজিত নোটে নিষ্পত্তি	নোটে নিষ্পত্তি	পত্রজারিতে নিষ্পত্তি	মোট																																												
বিএসসি	৯০	৫৩১	১৪৮	৭৬৯																																												
বিআইডব্লিউ টিএ	১৩	৩০৯	৩২৮	৬৫০																																												
নৌপরিবহন অধিদপ্তর	৪৯	২১৩	৯৫	৩৫৭																																												
চবক	৩০	১১৮	১১৬	২৬৪																																												
মোবক	০	৮৩	৭০	১৫৩																																												
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর	৪০	৪০	৬২	১৪২																																												
বাস্তবক	৫৫	২৬	৫৯	১৪০																																												

		<table border="1"> <tr> <td>পাবক</td> <td>০</td> <td>৪৯</td> <td>৩৮</td> <td>৮৭</td> </tr> <tr> <td>মেরিন</td> <td>১</td> <td>২১</td> <td>২৮</td> <td>৫০</td> </tr> <tr> <td>একাডেমী</td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> <tr> <td>এনএমআই</td> <td>৬</td> <td>০</td> <td>২২</td> <td>২৮</td> </tr> <tr> <td>বিআইডব্লিউটিসি</td> <td>০</td> <td>০</td> <td>০</td> <td>০</td> </tr> </table>	পাবক	০	৪৯	৩৮	৮৭	মেরিন	১	২১	২৮	৫০	একাডেমী					এনএমআই	৬	০	২২	২৮	বিআইডব্লিউটিসি	০	০	০	০		
পাবক	০	৪৯	৩৮	৮৭																									
মেরিন	১	২১	২৮	৫০																									
একাডেমী																													
এনএমআই	৬	০	২২	২৮																									
বিআইডব্লিউটিসি	০	০	০	০																									
		<p>প্রতিবেদনে দেখা যে আগস্ট ২০২১ মাসে বিএসসি ৭৬৯টি, বিআইডব্লিউটিএ ৬৫০টি, নৌপরিবহন অধিদপ্তর ৩৫৭টি, চবক ২৬৪টি, মোবক ১৫৩টি, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর ১৪২টি, বাস্তবক ১৪০টি, পাবক ৮৭টি, মেরিন একাডেমী ৫০টি এনএমআই ২৮টি নথি নিষ্পত্তি করেছে। কিন্তু বিআইডব্লিউটিসি এখনো পর্যন্ত ই-ফাইলিং কার্যক্রম চালু করতে পারেনি। সভায় আরো জানানো হয় যে, বিআইডব্লিউটিসির কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, বিআইডব্লিউটিসি কর্তৃক সম্পূর্ণরূপে ই-ফাইলিং কার্যক্রম চালু করতে হবে। এ বিষয়ে অতিশীঘ্রই ই-ফাইলিং শুরু করা হবে মর্মে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি সভাকে অবহিত করেন। এছাড়া, দপ্তর ও সংস্থার ই-ফাইলিং কার্যক্রম সংক্রান্ত যে কোন সমস্যা সিস্টেম এনালিস্টের মাধ্যমে a2i এর সাথে সমন্বয় করে নিষ্পত্তি করতে হবে। একই সাথে মন্ত্রণালয় দপ্তর ও সংস্থার ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করার বিষয়ে সভা আলোচনা হয়।</p>																											
৮.	ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	<p>সভায় জানানো হয় যে, গত বছরে ৬জন কর্মকর্তাকে ইনোভেশন পুরস্কার প্রদান করা হয়েছে। বর্তমান বছরের এপিএর লক্ষ্য মাত্রা অনুযায়ী গত ২৯/০৮/২০২১ তারিখে ইনোভেশন টিম এর সভা অনুষ্ঠিত হয়। সভাপতি জানান যে মন্ত্রণালয়ের ইনোভেশন মেধা ভিত্তিক হবে যেন সেবাগ্রহীতাগণ চাহিত সেবা ডিজিটাল মাধ্যমে পেতে পারেন। বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি-৩ মাস অন্তর মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>১. ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>২. উদ্ভাবন কর্মপরিকল্পনার নৌপরিবহন মন্ত্রণালয়ের মেধাভিত্তিক হতে হবে।</p>	<p>১. অতিরিক্ত সচিব, সংস্থা-২</p> <p>২. সকল দপ্তর/সংস্থা প্রধান</p>																									
৯.	তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ	<p>মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট সভায় অবহিত করেন যে মন্ত্রণালয়ের ওয়েব সাইট মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক হালনাগাদ করা হয়েছে। তবে সুশাসনের জন্য নির্ধারিত ৫টি</p>	<p>১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বস্তুগুলো নির্ধারিত লোগো ব্যবহারপূর্বক পরিবর্তিত বিষয়সমূহ</p>	<p>১. দপ্তর/সংস্থা প্রধান</p> <p>২. সিস্টেম এনালিস্ট, নৌপম</p>																									

		সেবা বক্স দপ্তর/সংস্থার ওয়েব সাইটে প্রদর্শন করা হচ্ছেনা। যে সকল দপ্তর/সংস্থার ওয়েব সাইট হালনাগাদ করা হয়নি সেগুলো আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে হালনাগাদকরণের জন্য সভাপতি অনুরোধ করেন। এ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবা বক্সগুলো নির্ধারিত লোগো ব্যবহারপূর্বক হালনাগাদ করতে হবে। সেবা লিংকগুলোও হালনাগাদ করতে হবে।	অন্তর্ভুক্ত করে হালনাগাদ রাখতে হবে। ২. যে সকল দপ্তর ও সংস্থার তথ্য বাতায়নসমূহ হালনাগাদ করা হয়নি সেগুলো আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। ৩. মন্ত্রণালয়ের আইসিটি সেল কর্তৃক আগামী অক্টোবর, ২০২১ মাসের প্রথম সপ্তাহে একটি প্রতিবেদন দাখিল করতে হবে।	
১০.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	যুগ্ম সচিব (প্রশাসন) জানান যে দপ্তর ও সংস্থাসমূহের ৪২১টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৬৬৬টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১২২২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৬৮৮৯.৫২ কোটি টাকা জড়িত আছে। সভাপতি বলেন, দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। তিনি সকল অডিট আপত্তির জবাব ও প্রয়োজনীয় প্রমাণকসহ নথি উপস্থাপনের জন্য প্রস্তুত রাখার উপর গুরুত্বারোপ করে বলেন দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার তারিখে সেগুলো উপস্থাপন করতে হবে। অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে কোভিডের কারণে নিয়মিত দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভার আয়োজন করা যায়নি। এখন থেকে নিয়মিত সভার আয়োজন করা হবে মর্মে উল্লেখ করেন।	১. দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে দ্রুত নিষ্পত্তি করতে হবে। ২. মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করে সর্বোচ্চ সংখ্যক অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।	১. অতিরিক্ত সচিব, (সংস্থা-২) ২. সকল দপ্তর/সংস্থা প্রধান
১১.	দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য	যুগ্ম সচিব (প্রশাসন) জানান যে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪২০ টি যার মধ্যে ৩৫৩ টির জবাব দাখিল করা হয়েছে, ৩৫টির জবাব দাখিল করা হয়নি, সরকারের পক্ষে বিআইডব্লিউটিএর ১টি ও মোংলা বন্দর কর্তৃপক্ষের ১টি মামলা নিষ্পত্তি হয়েছে। সরকারের বিপক্ষে কোন মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি জানান যে স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে দপ্তর ও সংস্থা প্রধানগণ প্রতি মাসে আইন কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করবেন। এছাড়া, মামলার বিষয়ে যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়।	১. যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে। ২. নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। ৩. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে দপ্তর ও সংস্থা প্রধানগণ প্রতি মাসে আইন কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করবেন। জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রণালয়কে যথাসময়ে অবহিত করতে হবে।	১. সকল দপ্তর/সংস্থা প্রধান ২. মন্ত্রণালয়ের আইন ও অডিট অধিশাখা।
১২.	তথ্য অধিকার আইন	সভাপতি জানান যে মন্ত্রণালয়ের তথ্য প্রাপ্তির আবেদন শূণ্য হলেও দপ্তর/সংস্থার তথ্য প্রাপ্তির	১. দপ্তর সংস্থার তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি হচ্ছে কিনা সে	১. সকল দপ্তর/সংস্থা প্রধান

	(আরটিআই)	<p>আবেদন যথাযথ নিষ্পত্তি হচ্ছে কিনা সে বিষয়গুলো নিশ্চিত করতে হবে। এবিষয়ে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিষয়টি মনিটরিং করবে।</p> <p>সভায় আরো জানানো হয় যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার উপযুক্ত ব্যাখ্যা উল্লেখ করতে হবে। তথ্য প্রদানে কোন জটিলতা থাকলে সে বিষয়টিও আলোচনা করে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>বিষয়গুলো ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং করতে হবে।</p> <p>প্রদানযোগ্য তথ্য যথাসময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।</p> <p>২. কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার ব্যাখ্যা উল্লেখ করতে হবে।</p> <p>৩. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার তথ্য প্রাপ্তির আবেদন ও তথ্য প্রদানের বিবরণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</p>	২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
১৩.	<p><u>বিবিধঃ</u></p> <p>১৩.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম</p>	<p>১৩.১ সভায় জানানো হয় যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত তিকাদার কর্তৃক কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। অতিরিক্ত কাজের তালিকা ১৩-৪-২০২১ তারিখে চট্টগ্রাম বন্দর কর্তৃকপক্ষকে প্রেরণ করা হয়েছে। সভাকক্ষের সজ্জা ও ভিডিওসাইট সিস্টেম বিষয়ে চাহিদাপত্র তৈরি করে চবককে অবহিত করা হয়েছে। গত ২৯-০৮-২০২১ তারিখে অতিরিক্ত সচিব(প্রশাসন) এর সভাপতিত্বে তত্ত্বাবধান ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে মর্মে সভাপতি সংশ্লিষ্টগণকে তাগিদ দেন।</p>	<p>১. "Remodeling and Interior Decoretion of MoS Rooms" শীর্ষক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</p> <p>২. মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ অতিরিক্ত কাজসমূহ চবক বাস্তবায়ন করবে।</p>	<p>১. নৌপরিবহন মন্ত্রণালয়</p> <p>২. চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।</p>
	১৩.২ ক্যাডার সার্ভিসের নামপদবি ব্যবহার সংক্রান্ত	<p>সভায় জানানো হয়, এ বিষয়ে গত ৬-০৪-২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী সকলকে প্রেরণ করা হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বিএসসি ও মোংলা বন্দর কর্তৃপক্ষ থেকে প্রস্তাব পাওয়া গেছে। যাচাই বাছাই শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের কাজ চলছে। এছাড়া যে সকল দপ্তর/সংস্থা হতে প্রস্তাব পাওয়া যায়নি সে সকল দপ্তর /সংস্থাকে দ্রুত প্রস্তাব প্রেরণ করত হবে মর্মে আলোচনা হয়।</p>	<p>১. যেসকল দপ্তর ও সংস্থার প্রস্তাব পাওয়া গেছে সেগুলো প্রয়োজনীয় কাগজপত্রসহ দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>২. যে সকল দপ্তর সংস্থা হতে প্রস্তাব পাওয়া যায়নি সে সকল দপ্তর সংস্থা দ্রুত প্রস্তাব প্রেরণ করবে।</p>	<p>১. সকল দপ্তর/ সংস্থা প্রধান</p> <p>২. মন্ত্রণালয়ের প্রশাসন শাখা</p>
	১৩.৩ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত	<p>চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ জানান যে বিআইডব্লিউটিএর ইজারাকৃত ঘাট/পয়েন্ট নিয়ে বিভিন্ন জেলা প্রশাসনের সাথে প্রায়শই মতাদ্বৈততা সৃষ্টি হচ্ছে। বিষয়গুলো জরুরীভিত্তিতে নিষ্পন্নের উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেয়ার জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান। সভাপতি বলেন সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>বিআইডব্লিউটিএর ইজারাকৃত ঘাট/পয়েন্ট নিয়ে বিভিন্ন জেলা প্রশাসনের সাথে সৃষ্ট বিরোধের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (সংস্থা-২), টিএ অধিশাখা ও বিআইডব্লিউটিএ।</p>

০২. পরিশেষে, সভাপতি বলেন, সংস্থার সকল কার্যক্রম যাতে যথাসময়ে মানসম্মতভাবে বাস্তবায়ন করা যায় সে ব্যাপারে সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সকল সংস্থার মধ্যে সমন্বয় জোরদার করতে হবে। তিনি বলেন, জনসেবা নিশ্চিত করতে তথা মন্ত্রণালয়/সংস্থার ভাবমূর্তি উন্নয়নে সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।

০৩. অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

তারিখ: ০৮-০৯-২০২১

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়


স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১)- ২৪৫

তারিখ ২৫ ভাদ্র, ১৪২৮ ব:
০৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক /বাস্থবক/পাবক।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৯। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
- ১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


০৯.০৯.২১
(মোঃ আলাউদ্দিন)
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়